# গুলশানে নিষিদ্ধ আ.লীগের মিছিলে অংশ নেওয়া ৩২ জন গ্রেপ্তার



সংগৃহীত ছবি

রাজধানীর গুলশানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ঝটিকা মিছিলে অংশ নেওয়ার অভিযোগে ৩২ জনকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)।

শনিবার (১২ সেপ্টেম্বর) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপকমিশনার মো. আকতার হোসেন গ্রেপ্তারের তথ্য জানান।

এর আগে শুক্রবার দুপুরে গুলশান-১-এর ভোলা মসজিদের সামনে থেকে আওয়ামী লীগের নেতাকর্মীরা মিছিল বের করার চেষ্টা করেন। পুলিশ বাধা দিলে সেখানে দুটি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটে। পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ দুই রাউন্ড রাবার বুলেট ছোড়ে।

ডিএমপি জানিয়েছে, মিছিলে সরাসরি অংশ নেওয়া ব্যক্তিদের মধ্যে ৩২ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এর মধ্যে ঘটনাস্থল থেকে দুজনকে গ্রেপ্তার করা হয় বলে জানান গুলশান থানার ওসি দাউদ হোসেন। ঘটনাস্থল থেকে পাঁচটি ককটেলও উদ্ধারের কথা জানিয়েছে পুলিশ।

সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে কয়েকশ মানুষকে 'জয় বাংলা' স্লোগান দিয়ে মিছিলে অংশ নিতে দেখা যায়। মিছিল ছত্রভঙ্গ করতে পুলিশকে রাবার বুলেট ছুড়তেও দেখা গেছে।

LENS ASIA